

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ১০৯৯

আগরতলা, ২১ জুন ২০১৮

খুমলুঙ স্টেডিয়ামে উদযাপিত রাজ্যভিত্তিক যোগা দিবস

সারা দেশের সঙ্গে রাজ্যেও আজ চতুর্থ আন্তর্জাতিক যোগা দিবস উদযাপিত হয়। এ উপলক্ষ্যে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর এবং ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের যৌথ উদ্যোগে রাজ্যস্তরীয় যোগা দিবস উদযাপন করা হয় এ ডি সি-র খুমলুঙ স্টেডিয়ামে। অনুষ্ঠানে উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল। অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী মনোজ কান্তি দেব, এ ডি সি-র মুখ্য কার্যনির্বাহী সদস্য রাধাচরণ দেববর্মা, কার্যনির্বাহী সদস্য পরীক্ষিৎ মুড়াসিৎ, মুখ্যসচিব সঞ্জীব রঞ্জন, জাতীয় স্বাস্থ্য মিশনের অধিকর্তা ডা. শৈলেশ যাদব প্রমুখ। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী, কেন্দ্রীয় রাষ্ট্রমন্ত্রী এবং অতিথিগণ সহ বিভিন্ন স্কুল, কলেজের ছাত্রছাত্রী, আরক্ষা দপ্তরের জওয়ানরা যোগ ব্যায়ামে অংশগ্রহণ করেন। অনুষ্ঠান শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব জানান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ২১ জুন দিনটিকে আন্তর্জাতিক যোগা দিবস হিসেবে প্রবর্তন করেছিলেন। তিনি বলেন, প্রধানমন্ত্রীর যোগা দিবসের তাৎপর্য সকলের মধ্যে ব্যাপকভাবে পৌঁছে দেওয়ার লক্ষ্যে আজ আমাদের রাজ্যেও জেলা, মহকুমা, ব্লক এবং পঞ্চায়েত স্তরে যোগা দিবস উদযাপন করা হচ্ছে। পাশাপাশি বিভিন্ন স্কুল, কলেজেও যোগা দিবস পালন করা হচ্ছে। মুখ্যমন্ত্রী বলেন, মানুষকে সুস্থ ও সবল থাকার জন্য যোগ ব্যায়াম একান্ত আবশ্যিক। সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী জানান, স্কুলস্তরে স্থায়ীভাবে যোগা ক্লাস চালু করার ব্যাপারে রাজ্য সরকার চিন্তা-ভাবনা করছে। সুস্থ মানসিকতা গড়ে তোলার লক্ষ্যে তিনি সবাইকে যোগ ব্যায়াম অনুশীলন করার জন্য আহ্বান জানান। অনুষ্ঠানে বক্তব্য রাখেন মুখ্যসচিব সঞ্জীব রঞ্জন এবং যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সচিব সমরজিৎ ভৌমিক।
